

মৌলিক উদ্ভেদক

জারি
পৃষ্ঠা

NOV. 25 2002

মোল্লাহাটে ফাঁস হওয়া প্রশ্ন দিয়ে ১০ স্কুলে পরীক্ষা গ্রহণ

ভ্রাম্যমাণ প্রতিনিধি, বাগেরহাট ॥
জেলার মোল্লাহাটে ১১টি স্কুলের
বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে
পড়ার ঘটনা নিয়ে ছাত্র-ছাত্রী ও
অভিভাবকরা বিপাকে পড়েছেন।
গত মঙ্গলবার ১১টি স্কুলের সমন্বয়ে
শিক্ষক সমিতির তৈরী করা একই
প্রশ্নপত্র ফাঁস হয়ে পড়ে। ওয়াজেদ
নেমোরিয়াল হাইস্কুলের প্রধান শিক্ষক
তাৎক্ষণিকভাবে নতুন প্রশ্নপত্র তৈরী
করে পরীক্ষা নেন। কিন্তু অন্য সন
স্কুলে ফাঁস হওয়া প্রশ্নপত্রেই পরীক্ষা
নেয়া হচ্ছে। জেলা শিক্ষা অফিসার
মোঃ রফিকুল ইসলাম বিষয়টি তিনি
জানেন না বলে জানান। ইউএনও
মোঃ কতুবুদ্দিন বলেন, তিনি শিক্ষক
সমিতির সভাপতি ও সম্পাদককে
এব্যাপারে চিঠি দিয়েছেন। তিনি
তদন্ত করে ব্যবস্থা নেবেন।